

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৪৬৯

১/ বিবিধ

আরবী

من صلى بعد المغرب ست ركعات لم يتكلم فيما بينهم بسوء عدلن له بعبادة ثنتي  
عشرة سنة  
ضعيف جدا

أخرجه الترمذي (2 / 299) وابن ماجه (1 / 355، 415) وابن نصر (ص 33) وابن شاهين في " الترغيب " (2 / 272) والمخلص في " الفوائد المنتقاة " (8 / 34 / 1) والعسكري في " مسند أبي هريرة " (1 / 71) وابن سمعون الواعظ في " الأمالي " (1 / 61) من طريق عمر بن أبي خثعم عن يحيى بن أبي كثير عن أبي سلمة عن أبي هريرة مرفوعا، وقال الترمذي: حديث غريب لا نعرفه إلا عن عمر بن أبي خثعم، وسمعت محمد بن إسماعيل (يعني البخاري) يقول: عمر بن عبد الله بن أبي خثعم منكر الحديث، وضعفه جدا، وقال الذهبي في ترجمته: له حديثان منكران هذا أحدهما

বাংলা

৪৬৯। যে ব্যক্তি মাগরীবের পরে ছয় রাকাত সালাত আদায় করবে এমতাবস্থায় যে, সে তার মাঝে কোন মন্দ কথা বলবে না। এ সালাত তার জন্য বার বছরের ইবাদাতের সমতুল্য হয়ে যাবে।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইমাম তিরমিযী (২/২৯৯), ইবনু মাজাহ (১/৩৫৫, ৪১৫) এবং ইবনু নাসর (পৃঃ ৩৩), ইবনু শাহীন “আত-তারগীব” গ্রন্থে (২/২৭২), মুখাল্লিস “আল ফাওয়ায়েদুল মুত্তাকাত” গ্রন্থে (৮/৩৪/১), আসকারী “মুসনাদু আবী হুরাইরাহ” গ্রন্থে (১/৭১) এবং ইবনু সামউন ওয়ায়েয “আল-আমলী” গ্রন্থে (১/৬১/২) উমর ইবনু আবী খায়সাম

সূত্রে ইয়াহইয়া ইবনু আবী কাসীর হতে ... বর্ণনা করেছেন।

তিরমিয়ী বলেনঃ হাদীসটি গারীব। এটিকে উমর ইবনু আবী খাসয়াম ছাড়া অন্য কোন মাধ্যমে চিনি না। আমি মুহাম্মাদ ইবনু ইসমাঈল বুখারীকে বলতে শুনেছিঃ উমর ইবনু আবী খাসয়াম মুনকারুল হাদীস। তাকে তিনি নিতান্তই দুর্বল আখ্যা দিয়েছেন। যাহাবী তার জীবনীতে বলেছেনঃ তার দুটি মুনকার হাদীস রয়েছে, সে দু'টোর এটি একটি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68054>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন